কালের কণ্ঠ

তারিখ ... 17 NOV 2015 ...
পৃষ্ঠা ... কলাম ... 2 ...

# পড়ানো হয়েছে গার্হস্থ্য শিক্ষা পরীক্ষা কৃষিতে!

মানিকগঞ্জ প্রতিনিধি ▷

জেএসসি পরীক্ষার রেজিস্ট্রেশনের সময় পাকুটিয়া বিসিআরজি উচ্চ বিদ্যালয়ের ৯০ জন শিক্ষার্থী অতিরিক্ত বিষয় হিসেবে কৃষি শিক্ষা বেছে নিয়েছিল। কিন্তু বিদ্যালয়ে তাদের সারা বছর পড়ানো হয়েছে গার্হস্থ্য শিক্ষা। তাদের নামে গার্হস্থ্য শিক্ষা বিষয়ে প্রশ্নপত্র বরাদ্দ না থাকায় কৃষি শিক্ষা বিষয়ে কোনো পড়াশোনা না করেই আজ মঙ্গলবার পরীক্ষায় বসতে হবে।

সূত্র জানায়, টাঙ্গাইলের নাগরপুর উপজেলার পাকুটিয়া বিসিআরজি উচ্চ বিদ্যালয় থেকে এবার জেএসসি পরীক্ষায় ২৮০ জন শিক্ষার্থী অংশ নিচ্ছে। এর মধ্যে ৯০ জন শিক্ষার্থী রেজিস্ট্রেশনের সময় অতিরিক্ত বিষয় হিসেবে কৃষি শিক্ষা নেয়। মানিকগঞ্জের সাটুরিয়া উপজেলার বালিয়াটি ঈশ্বরচন্দ্র উচ্চ বিদ্যালয় তাদের পরীক্ষা কেন্দ্র।

গতকাল সোমবার ওই কেন্দ্রে কৃষি শিক্ষা বিষয় নেওয়া শিক্ষার্থী ও অভিভাবকদের সঙ্গে আলাপ করে জানা গেছে, সারা বছর তাদের গার্হস্থ্য বিষয়ে পড়ালেখা করানো হয়েছে। পরীক্ষার আগে রেজিস্ট্রেশন কার্ডে গার্হস্থ্য বিষয়টি অন্তর্ভুক্ত করা হবে বলে শিক্ষকরা তাদের আশ্বাস দিয়েছিলেন। কিন্তু তা করা হয়নি। শিক্ষার্থী ও অভিভাবকরা এই ভুলের জন্য দায়ীদের বিচার দাবি করেন।

পাকুটিয়া বিসিআরজি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. বজলুল করিম মিয়া তাঁদের ভুল স্বীকার করেন। তিনি জানান, বছরের শুরুতেই কৃষি শিক্ষা বই না পাওয়ায় শিক্ষা অফিস তাদের গার্হস্থ্য শিক্ষা বই সরবরাহ করে। পরিকল্পনা ছিল, বোর্ড থেকে বিষয়টি সংশোধন করে আনা হবে। বিভিন্ন কারণে তা সম্ভব হয়নি। তবে তিনি জানান, বোর্ডের সঙ্গে কথা বলে একটা ব্যবস্থা অবশ্যই নেওয়া হবে।